


যুগান্তর

বিডিএস ভর্তি পরীক্ষায় পাসের হার ৮৮.৫২

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ, ইউনিট ও ইন্সটিটিউটে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিডিএস (ব্যাচেলর অব ডেন্টাল সার্জন) ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। শনিবার দুপুরে প্রকাশিত ফলাফলে পাসের হার ৮৮ দশমিক ৫২।

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ জানান, উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে জাতীয় মেধাতালিকার ভিত্তিতে প্রথমে সরকারি একটি ডেন্টাল কলেজ ও আটটি ডেন্টাল ইউনিটে ৫১৭টি সাধারণ আসন, মুক্তিযোদ্ধা কোটায় ১০টি আসন ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য পাঁচটি আসনসহ সর্বমোট ৫৩২টি আসনে ভর্তি করা হবে। তিনি জানান, আগামী ১৬ থেকে ২৮ নভেম্বর পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে। ২০২০ সালের ৪ ফেব্রুয়ারি সরকারি ডেন্টাল কলেজে ক্লাস শুরু হবে। এবারের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেন ১৯ হাজার ৭৭৮ শিক্ষার্থী। যার মধ্যে ১৭ হাজার ৫১৭ জন উত্তীর্ণ হয়েছেন। ১০০ নম্বরের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে এই পরীক্ষায় সর্বোচ্চ প্রাপ্ত নম্বর ৯২ দশমিক ৫০। শুক্রবার দেশের ডেন্টাল কলেজ ও ইউনিটে বিডিএস (ব্যাচেলর অব ডেন্টাল সার্জন) কোর্সে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ২৭ ঘণ্টার মধ্যে ফল প্রকাশ করেছে অধিদফতরের চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন শাখা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।